

■ হাদিস সম্মান

হাদিস নাম্বারঃ ২২৪৪

২২/ নিষিদ্ধ কার্যাবলী

পরিচ্ছেদঃ দুর্নীতি, অন্যায়-অত্যাচার করা হারাম এবং অন্যায়ভাবে নেওয়া জিনিস ফেরৎ দেওয়া জরুরী

আরবী

وَعَنْ أَبِي بَكْرَةَ نُفِيَعُ بْنِ الْحَارِبِ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ إِنَّ الزَّمَانَ قَدْ اسْتَدَارَ كَهِيْتِهِ يَوْمَ خَلَقَ اللَّهُ السَّمَاوَاتِ وَالْأَرْضَ: السَّنَةُ اثْنَا عَشَرَ شَهْرًا، مِنْهَا أَرْبَعَةُ حُرُمٌ: ثَلَاثٌ مُتَوَالِيَّاتُ: ذُو الْقَعْدَةِ، وَذُو الْحِجَّةِ، وَالْمُحْرَمُ، وَرَجَبٌ مُضَرَّ الَّذِي بَيْنَ جُمَادَى وَشَعْبَانَ، أَيُّ شَهْرٍ هَذَا قُلْنَا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ فَسَكَّتَ حَتَّى ظَنَّنَا أَنَّهُ سَيُسَمِّيَهُ بِغَيْرِ أَسْمِهِ، قَالَ أَلَيْسَ ذَا الْحِجَّةَ قُلْنَا: بَلَى قَالَ فَأَيُّ بَلَدٍ هَذَا؟ قُلْنَا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ فَسَكَّتَ حَتَّى ظَنَّنَا أَنَّهُ سَيُسَمِّيَهُ بِغَيْرِ أَسْمِهِ قَالَ أَلَيْسَ الْبَلْدَةُ قُلْنَا: بَلَى قَالَ فَأَيُّ يَوْمٍ هَذَا؟ قُلْنَا: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ فَسَكَّتَ حَتَّى ظَنَّنَا أَنَّهُ سَيُسَمِّيَهُ بِغَيْرِ أَسْمِهِ قَالَ أَلَيْسَ يَوْمَ النَّحْرِ؟ قُلْنَا: بَلَى قَالَ فَإِنَّ دِمَاءَكُمْ وَأَمْوَالَكُمْ وَأَعْرَاضَكُمْ عَلَيْكُمْ حَرَامٌ كَحُرُمَةِ يَوْمِكُمْ هَذَا فِي شَهْرِكُمْ هَذَا، وَسَأَلُوكُمْ رَبِّكُمْ فَيَسْأَلُوكُمْ عَنْ أَعْمَالِكُمْ أَلَا فَلَا تَرْجِعوا بَعْدِي كُفَّارًا يَضْرِبُ بَعْضُكُمْ رِقَابَ بَعْضٍ، أَلَا لَيُبَلَّغَ الشَّاهِدُ الْغَائِبُ فَلَعْلَّ بَعْضَ مَنْ يَبْلُغُهُ أَنْ يَكُونَ أَوْعَى لَهُ مِنْ بَعْضٍ مَنْ سَمِعَهُ ثُمَّ قَالَ إِلَّا هَلْ بَلَّغْتُ أَلَا هَلْ بَلَّغْتُ قُلْنَا: نَعَمْ قَالَ اللَّهُمَّ اشْهِدْ مُتَّقَ عَلَيْهِ

বাংলা

(২২৪৪) আবু বকরাহ নুফাই ইবনুল হারেস (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, "নিশ্চয় যামানা (কাল) নিজের ঐ অবস্থায় ফিরে এল যেদিন আল্লাহ তাআলা আসমানসমূহ ও যমীন সৃষ্টি করেছেন। (অর্থাৎ, দুনিয়া সৃষ্টি করার সময় যেরূপ বছর ও মাসগুলো ছিল, এখন পুনর্বার সে পুরাতন অবস্থায় ফিরে এল এবং আরবের মুশরিকরা যে নিজেদের মন মত মাসগুলোকে আগে-পিছে করেছিল তা এখন থেকে শেষ ক'রে দেওয়া হল।) বছরে বারটি মাস; তার মধ্যে চারটি হারাম (সম্মানীয়) মাস।

তিনটি পরম্পরাঃ যুল ক্রাদাহ, যুলহিজ্জাহ ও মুহার্রাম। আর (চতুর্থ হল) মুয়ার গোত্রের রজব; যা জুমাদা ও শা'বান এর মধ্যে রয়েছে। এটা কোন মাস? আমরা বললাম, 'আল্লাহ ও তাঁর রসূল সর্বাধিক জ্ঞাত।' অতঃপর তিনি

কিছুক্ষণ নীরব থাকলেন। এমনকি আমরা ধারণা করলাম যে, তিনি হয়তো তার নাম ব্যতীত অন্য নাম বলবেন। তিনি বললেন, ”এটা যুল-হিজ্জাহ নয় কি?” আমরা বললাম, ‘অবশ্যই।’ অতঃপর তিনি বললেন, ”এটা কোন্‌ শহর?” আমরা বললাম, ‘আল্লাহ ও তাঁর রসূল সর্বাধিক জ্ঞাত।’

অতঃপর তিনি কিছুক্ষণ নীরব থাকলেন। এমনকি আমরা ধারণা করলাম যে, তিনি হয়তো তার নাম ব্যতীত অন্য নাম বলবেন। তিনি বললেন, ”এ শহর (মক্কা) নয় কি?” আমরা বললাম, ‘অবশ্যই।’ তিনি বললেন, ”আজ কোন্‌ দিন?” আমরা বললাম, ‘আল্লাহ ও তাঁর রসূল সর্বাধিক জ্ঞাত।’ অতঃপর তিনি চুপ থাকলেন। আমরা ভাবলাম, তিনি হয়তো এর অন্য নাম বলবেন। অতঃপর তিনি বললেন, ”এটা কি কুরবানীর দিন নয়?” আমরা বললাম, ‘অবশ্যই।’ অতঃপর তিনি বললেন, ”নিশ্য তোমাদের রক্ত, তোমাদের মাল এবং তোমাদের সম্মান তোমাদের (আপসের মধ্যে) এ রকমই হারাম (ও সম্মানীয়) যেমন তোমাদের এ দিনের সম্মান তোমাদের এ শহরে এবং তোমাদের এ মাসে রয়েছে। শীঘ্রই তোমরা তোমাদের প্রতিপালকের সাথে মিলিত হবে।

অতঃপর তিনি তোমাদেরকে তোমাদের আমল সম্পর্কে জিজ্ঞাসা করবেন। সুতরাং তোমরা আমার পর এমন কাফের হয়ে যেও না যে, তোমরা এক অপরের গর্দান ঘারবে। শোনো! উপস্থিত ব্যক্তি যেন অনুপস্থিতকে (এ সব কথা) পৌঁছে দেয়। কারণ, যাকে পৌঁছাবে সে শ্রোতার চেয়ে অধিক স্মৃতিধর হতে পারে।” অবশেষে তিনি বললেন, ”সতর্ক হয়ে যাও! আমি কি পৌঁছে দিলাম?” আমরা বললাম, ‘হ্যাঁ।’ তিনি বললেন, হে আল্লাহ! তুমি সাক্ষী থাক।

ফুটনোট

(বুখারী ৪৪০৬, মুসলিম ৪৪৭৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াইদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=65992>

৬ হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন